দৈনিক সংবাদ

CG3

তারিখ 24 AUG 19...

পৃষ্ঠা ... h কলাম h ...

# ছাত্রদের সাথে উপাচার্যের আলোচনা।। বিশ্ববিদ্যালয় খোলার প্রশ্নে কোন অগ্রগতি হয়নি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল রোববার অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সাথে ছাত্র নেতৃবৃন্দের দ্বিতীয় দফা বৈঠকেও বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে কোন অগ্রগতি হয়নি। দু'পক্ষের মত-বিনিময়ের মধ্য দিয়েই সভা শেষ হয়।

উপাচার্য অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রায় সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। জানা গেছে, কিভাবে বিশ্ববিদ্যালয় খোলা যেতে পারে তা সভায় উপাচার্য ছাত্রনেতৃবৃন্দের কাছে জানতে চান। ছাত্র নেতারা এ ব্যাপারে বলেন, বিশ্ববিদ্যালয় কখন কিভাবে খুলবে তা নির্ধারণের দায়দায়িত্ব কর্তৃপক্ষের। খোলার ব্যাপারে আরো আগেই উদ্যোগ নেয়ার প্রয়োজন ছিল, এই অভিমত ব্যক্ত করে তারা অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানান। বিশ্ববিদ্যালয় খোলা এবং পরীক্ষা গ্রহণ এই দু'টি বিষয়কে আলাদা করে না দেখার জন্যও তারা কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

উপাচার্য সভায় জানান: সন্ত্রাস সম্পর্কিত তদন্ত কমিটি শিগগিরই রিপোর্ট পেশ করবে। জানা গেছে তিনি আভাস দিয়েছেন যে, চিহ্নিত অস্ত্রধারীদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় খোলার আগেই ব্যবস্থা নেয়া হবে।